# সভ্যতা-সোপান।

## দৃশ্য—সমাজচিত্র।

প্রজাহিতাকাঙ্ক্ষিণাকেনচিদ্বান্ধবেনাভিপ্রণীতম্।

[illegible] BY THE AUTHOR AND [illegible]

BY

PRASANNA KUMAR CHATTURJI

"He that d[illegible]
Upon your favor swims with fins of lead
And hews down oaks with rushes."

*Coriolanus*

CALCUTTA

PRINTED AT THE GUPTA PRESS

কলিকাতা ক্যানিং লাইব্রেরী প্রভৃতি স্থানে প্রাপ্তব্য।

1878

মূল্য চারি আনা মাত্র।

# অনুকথিত ব্যক্তিগণের তালিকা।

## পুরুষ।

| | |
|---|---|
| নবীন ... ... ... | জনৈক সম্ভ্রান্ত যুবা। |
| মহেন্দ্র ... .. .. | কোন ধনবানের পুত্র। |
| বাঙ্গাল রামাখ্যা, গোঁসাই, হরনাথ, কমল, রামদাস, ... | মহেন্দ্রের বন্ধু। |
| টমাস গ্রাউট ... ... ... | পাদরি। |
| জোন্স ... ... ... | গ্রাউটের বন্ধু। |
| সরকার ... ... | ঐ কর্ম্মচারী। |

## স্ত্রী

| | |
|---|---|
| বসন্তকুমারী ... ... ... | মহেন্দ্রের স্ত্রী। |
| বিরজা ... ... ... | গণিকা। |

এতদ্ভিন্ন ডাক্তার, উকীলদ্বয়, মাজিষ্ট্রেট, সহিস, দ্বারবান্, পিতর গোস্বামী, সভার সভাগণ ও সহিস পত্নী।

লাইব্রেরী
Acc 22[illegible]
[illegible]/2006

# সভ্যতা-সোপান।

---

## প্রথম দৃশ্য।

সভাপুর—পথপার্শ্ব। নবীন ও মহেন্দ্র বাবুর প্রবেশ।

নবীন। তুমি হলে কি?

মহেন্দ্র। কেন বল দেখি?

ন। তুমি তামাক খেতেনা তামাক ধল্লে, মদ খেতেনা মদও ধরেচো। তোমার বুদ্ধি শুদ্ধি লোপ পাবার উপক্রম হয়েছে। দেখ, তোমরা হচ্চ বড় লোকের ছেলে; তোমাদের কাছ থেকে অনেকে অনেক আশা করে। তুমি মদ খেয়ে যে টাকাটা নষ্ট করো তা জমালে দশজন লোকের বেশ স্বচ্ছন্দে খাওয়া দাওয়া চলতে পারে। শুঁড়ীর দোকানে না দিয়ে যদি Science Association এ দিতে, তাহলে দেশের অনেক উপকার হতো। অনাহারী দরিদ্রদের দিলেওতো তারা তোমার প্রসাদে আহারীয় পেতো। এসব বিবেচনা না করে তুমি কিনা বেশ্যালয়ে যাবে মদ খাবে—

ম। চেপে যাওনা নবীন বাবু, mind, it is a public road, এখানে আমাকে expose কত্তে চাও ?

ন। তোমার কীর্ত্তি কে না জানে ? যা হোক তোমাকে অপ্রস্তুত করা আমার উদ্দেশ্য নয়। তোমাকে উপদেশ দেবার জন্যই বলছিলেম। তোমার স্বভাব—

ম। Nevermind তোমার স্বভাব। প্রকৃত জ্ঞান থাকলে স্বভাবে যায় আসেনা ; আমরা হচ্চি reformer ; সকল সঙ্গত করে নিচ্চি, দেশীয় প্রাচীন সঙ্গীত চর্চ্চা বাগিয়ে নিচ্চি। ইউ মস্ট বেয়ারইন মাইণ্ড, আমি আমার ওয়াইফকে রিফরম্‌ড্ করে নিচ্চি। তার এতদূর রিফরমেশন হয়ে গেছে যে আমি তার regeneration করিচি বল্লে হয়। সে হিসাবে আমি তার সেকণ্ড প্রজেনিটরের মত রিজেনারেটর।

(পিতর গোস্বামী, পাদরি গ্রাউট প্রভৃতির প্রবেশ)

ওই যে ওদিকে পাদরি প্রিচ কত্তে আশ্চে চল শুনিগে।

গ্রা। হে প্রিয় মনুষ্য, প্রিয়টম বালক ও প্রেয়সী বালিকাগণ, টোমরা আর এট ক্ষুদ্র নাই,

যে মাট্যার চুচি পান কর, এক্ষণে সকলে ঢম্মের বিষয় বুঝিতে পারিয়াছ; আমরা সকলে পাপী, পাপের পরিট্রান আবশ্যক। যোহন বলিয়াছেন স্বর্গ হইটে আইসে যে জীবন রূপ খাড্য টাহার কারণ প্রাঢনা করহ যেন তোমরা টাহা ভক্ষণকারী সকলে মরিবানা কিণ্টু অনণ্ট জীবন পাইবা। ডেখ আমরা কি অডভুট শিক্ষা পাই। ঢম্মের নিমিট্ট সকলি টুচ্ছ করিটে শিক্ষা পাই কারণ লিখা আছে যঠা—টোমরা সকলের ঘ্নণাস্পড হইবা। ডেখ হিণ্ডুরা কি মূর্খ। গোপাঙ্গনাডিগের সহিট কামকারী যে কৃষ্ট, স্বামীবক্ষপডা যে কালী—উঃ কালীর নাম করিটে আমার আটঙ্ক হয়—টাহাদিগকে পূজা করে। আর শিব যে ষাঁরে চরে। আশ্চর্য্য! আশ্চর্য্য! যে হিণ্ডুলোকেরা আজিও জণ্টুর উপাসনা করে। ঈশ্বর নির্ম্মিট ড্রব্য, ফুল চণ্ডন ডিয়া ঈশ্বরের আরাঢনা করে; কিণ্টু বাইবেলে লেখে ঈশ্বর আট্মা স্বরূপ যে কেহ টাঁহার আরাঢনা করিবে, আট্মা ও মন ডিয়া আরাঢনা করুক।

ম। অরে রও থামো বাবা তুমি যে বলচো ঈশ্বর স্রষ্ট দ্রব্য দিয়ে ঈশ্বরের আরাধনা করা যায়

না, তবে আত্মা ও মন দিয়া কেমন করে ঈশ্বরের আরাধনা করবে? আত্মা ও মন ঈশ্বর স্রষ্ট।

গ্রা। তুমি বুঝিবানা, বুঝিটে পারিবানা।

ম। তোমার ঈশ্বরের—বিদ্যে চমৎকার।

গ্রা। ঈশ্বরের সহিট উপহাস। অহোটিক্। কিণ্টু ফিরিয়া যাইটে। যে কেহ ঈশ্বরের সহিট উপহাস করে টাহার গলডেশে জাণ্টা বাঁটিয়া অগাঢ জলটি গর্ভে প্রাণ ট্যাগ করা বরং ভাল। ঈশ্বর ন্যায়বান ও কৃপার আকর; টিনি যডি মনুষ্যকে ক্ষমা করেন টবে ন্যায়বান কেমনে হইবেন? ক্ষমা না করিলেই বা কিরূপে ডয়ালু হইবেন? এটা সমস্যার সমস্যা বিষম সমস্যা। ঈশ্বরের পুট্র খ্রীষ্ট,

ম। আমরাও ঈশ্বরের পুট্র।

গ্রা। টোমরা সয়টানের পুট্র। খ্রীষ্টের মৃট্যুর দ্বারা শাষ্টি অটএব ন্যায ও মনুষ্যের মুক্টি ড্ডারা ডয়া উভযই হইল। এইরূপে বাইবল ইহা পুরণ করেন। অন্য কোন ঢর্ম্ম পারে না।

ন। আচ্ছা সাহেব তুমি যা বল্লে তা যেন সত্য হলো। মনে কর একটা কুকুর আমার হাঁড়ী খায়; আমি প্রতিজ্ঞা করলুম, যে আমার হাঁড়ী স্পর্শ

কর্‌বে আমি তাকে মারবো। কিন্তু আর এক দিন বলেছি দয়ালু হব জীবকে মারবোনা। যদি দয়া করি তবে ন্যায় হয় না, ন্যায় করিলে দয়াও হয়না। এই ভেবে যদি আমার নির্দ্দোষ সন্তানকে কুক্কুরের পরিবর্ত্তে প্রহার করি, আর কুক্কুরকে ছেড়ে দিয়ে বলি, ছেলে মেরে শাস্তি ও ন্যায়, এবং কুক্কুর ছেড়ে দয়া উভয়ই হলো তবে আমাকে কে না পাগল বলবে? তেমনি তোমার ঈশ্বর যদি বলেন, পাপীকে ছেড়ে দয়া ও খ্রীষ্টকে মেরে ন্যায় হলো তবে তাঁর বাড়া আহাম্মুক আর কে আছে?

গ্রা। একটা নিয়া অনর্থক গোল কেন? এ সহজ বিষয়। অদ্য সময় অধিক হইয়াছে সময়ান্তরে বুঝাইয়া দিব। আজি উপসংহার কালে বলি ভ্রাতৃগণ সকলে গম্ভীর ভাবে চিন্তা কর। নচেৎ তোমাদিগেরই অমঙ্গল। এই আমি পদতলের ধূলি ঝাড়িয়াদিতেছি। যদি বিশ্বাস কর ভাল, নচেৎ এই ধূলি ঈশ্বরের নিকট গিয়া সাক্ষ্য দিবে বলিবে-যখন বলা হইয়াছিল তখন ইহারা শুনিয়াও শুনিল না দেখিয়াও দেখিল না। এক্ষণে আমরা চলিব। হে ঈশ্বর! আমাদিদের প্রতি করুণা করিয়া

এই সকল মুর্খডিগকে জ্ঞান ডাও যেন টাহাবা অণ্ট কার হইটে আলোয় আইসে। আমেন।

ম। তাহলে চোকে সকলই ঝাপসাঠে কবে। কোথায় চল্লে সাহেব শুনে গেলে না বাবা।

গ্র।। (ফিরিয়া) কি বলেন মহাশয়?

ম। তোমাব নাম কি? তোমার সঙ্গীবই বা নাম কি?

গ্র। টমাস্গ্রাউট আমার নাম। বাবুব নাম পিটরগোস্বামী।

ম। বহুৎ আচ্ছা। এনামের ৫।৷০ টাকা তোলা। বাহবা কি বাহবা। পিতব গোস্বামী। সাএব সেথ উইলিয়ম বিশ্বাস নাম থাকে?

গ্র।। আমরা উপহাসের যোগ্য নহি।

সকলেব প্রস্থান।

## দ্বিতীয় দৃশ্য।

---

মহেন্দ্রের বৈটকখানা।

নবীন, মহেন্দ্র ও কামাখ্যাচরণ আসীন।

ন। গাওহে একটা গাও তোমার সঙ্গে আলাপ করে অন্য কোন আমোদতো হবে না। একটা গান শুনিয়ে দাও।

ম। একজন নূতন গাইয়ে এসেছেন; ডাক্‌ব।

কা। দ্যান্‌ না ডাক দ্যান্‌।

গোঁসাইয়ের প্রবেশ।

ম। আর গায়কে কাজ নাই আমাদের গোঁসাই সাহেব আশ্চেন।—কিহে গোঁসাইযে ভালত?

গো। আর দাদা তোমাদের আশীর্ব্বাদে প্রাণে প্রাণে একরকম আছি।

ম। যাকে জিজ্ঞাসা করো কেউ বলবেনা যে ভাল আছি "এক রকম ভাল আছি।" "প্রাণে প্রাণে মঙ্গল" এই রকম কথাই প্রায় শুনতে পাওয়া যায়। কেন বাওয়া অন্য কথাকি নাই?

ন। ওহে এগুলো অজকাল ইয়ংবেঙ্গলদের মধ্যে টেকনিকেল টারম হয়ে দাঁড়িয়েছে।

ম। এখন ওসব কথা যাক্। গোঁসাই বাবু একটা গান গাইবেন কি অনুগ্রহ করে?

কা। আরে রও মশাইরে না—ইয়া—ইসে—ববানীপুরে দ্যাক্‌চি?

গোঁ। হবে।—এঁকে জোটালে কোথেকে?

ম। এবাঙ্গাল আমাদের ক্লাসে পড়ে। একে তোমাদের সঙ্গে আলাপ করিয়ে দেবো বলে ডেকে এনিচি।

কা। আরে বাঙ্গাল বাঙ্গাল কইচো ক্যান্? বাঙ্গাল এহ (হেয়) নাহি? আংরেজের পোলা সাএব আইচেন। (কমলের প্রবেশ)

কমল।—"অলদিগুড়া হুক্কাপাতা হিন্দল হিক্কই।
মজাইল হর্ব্বধন কেমনে কুরাই॥

কা। কোন্ পুঁথির পুতি ল্যাক্‌চে কোন্—দ্যাহো না মহেন্দ্র বাবু আপনার এয়ানে মোর অপমান করচে মরে কতোইয়া কইচে।

ন। ওহে চুপ কর। মশায় গান ধরুন সব থেমে যাবে এখন।

(গোঁসাই বাবুর গীত।)

কা।—ই—আঃ—আঃ—আঃ কোয়ানে,—

ম। দূর গর্দ্দভ এমন গানটা মাটি করে দিলি।

কা। মাটি করচি কি ফুর্ত্তিলাগচে গাইমুনা? মোরে গাধা কইস ক্যান?

ম। তোমার অলৌকিক শব্দ শুনে গরুটো বুঝি দড়ী ছিঁড়েছে?

কা। কি কও? কেডা? কি চিরচে?

গোঁ। বাঙ্গাল বৈদ্যজাতই এক আলাদা। সেনের কুলে বাতি দিয়ে প্রভুরা ধ্বজা খাড়া কচ্চেন। বল্লাল সেন কুলীন কল্লে, লক্ষ্মণ সেন অধীন কল্লে, আর ফলনা সেন অপূর্ব্ব কীর্ত্তি কল্লে।

ক। সকল বৈদ্যেরা দূষ্য নয় এই অঞ্চলে যে সকল বৈদ্যেরা ভদ্রলোকের অন্তঃপুরে অত্যাচার বা অন্য কোন দোষ কত্তো তাদের ট্রানস্‌পোর্টেশনের বদলে পদ্মাপারে ছেড়ে দিত। তখনতো আর এণ্ডামান ছিল না। এই বেরাল বনে গেলে বনবেরাল হয়। তারাই বাঙ্গাল বৈদ্য হয়ে বসলো। ইনি তাঁদেরই বংশধর।

কা। কি কই চোকি? পুঙির পুতকয়কি? পশ্চিমা বৈদ্যগুলারে ওই কারণে সোন্দর বনের

দিকি থুয়ে গ্যাচলো। আগেতো পশ্চিম হতে লোক আসে। আলার বুদ্ধিতো নাই।

ক। যাক ওর সঙ্গে বকে কি হবে। নবীন বাবু গার্ডেনে গেলে না? ব্রাহ্ম হয়ে ঝুটাবাত।

ন। ওহো আমার স্মরণ ছিল না।—না আমার আর এখানে থাকা হয় না আসি। [প্রস্থান]

ক। আপদ গেল। শালা কেবল lecture দেবেন। ওর স্বমুখে কোন কাজ হতে পারে না। উনি ব্রাহ্ম!!

ম। ওহে ব্রাহ্মেরা ব্যাঙাচির দল, ন্যাজটি খসলিই ব্যাঙ হন।

গোঁ। Let these idle chat aside. মদের বোতল কি আনা হয়েছে? না হয়ে থাকে আনাও।

ক। আমার বংশী বগলের তলায়। (বোতল বাহির করিয়া) গোঁসাই বাবু শামকি বংশী ছেড়ে আসে?

গোঁ। ওহে টেষ্টনাও (সকলের মদ্যপান)

ক। বংশী বাজাওয়ে শ্যাম—

ম। ওহে ধোপারা আশ্চে কি জানি যদি খোঁটায় বাঁধে।

ক। দাদা আমার লাল ছেলে, যা বলেন তাই সোভা পায়। প্যারিগো তুই রাজার মেয়ে যা করিস তাই শোভা পায়।

ম। Time rolls his ceaseless course. *Let all* these বুঝালে। যাও বাবা Continue drinking. I drink দাদা's health

ক। He who drinks others' healths looses his own.

ম। *Drinks.* কেন তুমি কি সুরাপান করো না?

ক। মদ খাই বটে, কখন সুরাপান করি নি।

ম। সুরাপান করো না দৈত্যাসুপানী করো।

ক। What do you mean by that.

ম। তার মানে? তোমার Common sense নাই। তুমি রিডথেকে begin করে হ্যামিল্টন শেষ করো। 'সুর' এই শব্দে বুঝাল দেবতা। এইজন্যে সুরামানে হচ্চে যেদি দেবতা, female সুর; God-dess হবলো, আর she God হবলো। সুরের বিরুদ্ধ অসুর বা দৈত্য। তাই সুরার বিরুদ্ধ হলো দৈত্যা। 'অদন্তাদাপ স্ত্রিয়াম্।' পানের বিরুদ্ধ সুপারি। তাই সুরাপানের বিরুদ্ধ দৈত্যা সুপারি।

তুমি যদি বলো দৈত্যা সুপাবি করি, তাহলে বোঝাল সুরাপানের বিরুদ্ধ করো, অর্থাৎ না সুরা-পান করো। অর্থাৎ সুরাপান করোনা। এর ভিতর লজিক চাই। তুমি মিল পড়োগে ভাল করে।

গোঁ। Cheers ! Bravo !Capital ! বা বা।

ম। এসো কবি গাই ঃ—"দেখে এলেম শাম, তোমার বৃন্দাবন ধাম, কেবল নাম আছে। সেথা বসন্ত ঋতু নাই, ভ্রমর নাই, কোকিল নাই, জলে কমল নাই। কেবল রাই কমল ধূলোয় পড়ে রয়েছে।"

ক। আমি ধ্রুপদ গাই।—মনোলোভা একি শোভারে হইল আমরি ॥ মনোলোভা একি।

(হরনাথের প্রবেশ।)

হ। ডালা ধরিয়া। খুর খুর খুর খুর আয় আয় আয় খুর খুব।

ক। একিও What joke is this.

হ। অ্যাঁ তোমরা আমি বলি গাধা গুলো।

ক। আমরা সঙ্গীতচর্চ্চা কচ্চি।

হ। ওহো কালোয়োতের বাচ্চা; তানসনের পুষি পুত্র। এমন গাইয়ের তুএ কটা কলম্ বাঁধ্‌লে হয়।

ক। তুমি বাঁধ বা না বাঁধ আমার তাতে কি?

হ। (নিঃশেষে পান করিয়া বোতল ক্ষেপণ;)

ম। কবিবর দাদার রূপ বর্ণনা করোতো।

হ। তোমার দাদার নয়ন শফরীর ন্যায় বদন শশাঙ্কের ন্যায়, নাসিকা বাঁশীর মত। ওষ্ঠ বিম্বের ন্যায়। লম্বিত বাহু চরণ রম্ভাকৃতি বর্ণ দুধের মত।

ম। এটা কিছু নীরস লাগচে।

হ। দাঁড়াও রস বেরোবে এখন। আগে রস বেরুলে শেষে সুখ হবে কি করে।—এতো গেলেন কালিদাস এখন মল্লিনাথের টিকা শোনো।

ম। কই কি টিকা Vaccination নাকি?

হ। Vaccination বিশেষ। এ গোবীজের টিকা নয় কিন্তু গোদিগের বোধ সৌকর্য্যার্থে একস প্লানেসন বীজ।

ম। তা explanation টা কি?

হ। তোমার দাদার চোকের আকার শফরীর ন্যায় নয় কিন্তু শফরীর চক্ষের ন্যায়। ছোট ছোট গোল গোল। বদনমণ্ডল চন্দ্রের ন্যায় উজ্জ্বল ও মনোহর নয় কিন্তু তদ্রূপ গোল, আর বিকৃত কল্লে ষোঁল কলার হ্রাস বৃদ্ধি হয়।

ক। বাওবা এতো বর কৌশল করচে। কইচোকি ও অর বাবু। আরে হুনেন—

হ। থামনা দাদা। নাসিকা বাঁশীর মত সরল নয় তদ্রূপ লম্বা। ও অগ্রভাগটি সানাইয়ের ন্যায় বিস্তৃত। ঠোঁঠ বিম্বের ন্যায়, রাঙ্গা নয় কিন্তু গোল হয়ে চিতিয়ে পড়েছে। লম্বিত বাহু, আজানুলম্বিত নয়, আপাদ লম্বিত। পদদ্বয় রম্ভাকৃতি অর্থাৎ দুটি বড় বড় পার্শ্ববর্ত্তী পাতাছাঁটা কলাগাছে তোমার দাদার—পদহীন শরীর যোগকল্লে গাছদুটী তাঁর পায়ের মতন হয়, *i.e.* তাঁর লম্বা পায়ে গোদ আছে। কাজে কাজেই গজেন্দ্র গমন। আর বর্ণ দুধের মত, অর্থাৎ "সর্ব্বাঙ্গে ধবলাকার।"

ম। মজালে বাওয়া Capaital ! Bravo !

রামদাস ও বিবজাব প্রবেশ।

রা। "আমার নাম হীরে মালিনী। আমি থাকি রাধার কুঞ্জে, কুঁজা আমার ননদিনী॥"

হ। একি জোড়ে যে ?

রা। না হলে চলবে কেন। ইনিই তিনি। সমস্ত সভ্যপুর মাতিয়ে তুলে ছিলেন। যদিও বছর এগার বয়স, তবু সকল রসই এতে পাবে। পকেট

এডিশন্, বাবা। পকেট এডিশন হলে কি হয় Shakespeare তো বটে।

ম। এখানেতো শোভা পাবে না, বাগানে চল।

রা। আহা, একটা আদটা গান শোনোনা বসে বাগানে যাওয়া যাবেই এখন।

গোঁ। গাও সখি একটা গান গাও,

বি। আমি গাইতে জানিনি।

গোঁ। ছ্যা বাওয়া। প্রণয়ী লোকের কাছে প্রতারণা! গাও লজ্জা কি। গেয়ে ফেলো আমরা চোক কান বুঝিচি আমাদের কাছে অস্বীকার ?

বি। তবে আমার সঙ্গে ধরো।

রাগিনী কালাংড়া তাল জৎ।

কইবো মনেরি বেদনা, আমার মনে।
কোকিল কাকলি, কুহুবলি ছলিলো, দহিতেছে দগ্ধজীবন।
কার বলিব, নিজে মনানলে জ্বলিব, সুখে হলো কি যাতনা॥

ম। মজালে বাওয়া Bravo ; সখি আর একটা

পিলু খাম্বাজ,—কাওয়ালি।

বি। মনো দুঃখ, নাহি প্রাণে সয়, লো আমার আর। লোকলাজে জলাঞ্জলি, দিব দিব মনে বলি, কাজে সাহসেরে ভুলি আসে লজ্জা ভয়। মঞ্জুকুঞ্জ মঞ্জরিত, দেখি অলি গুঞ্জরিত, এবেহলো পলায়িত, সুখেরি সময়॥

ম। মেরে ফেললে বাওয়া—এমন মজলিস এখানে শোভা পায় না। চল বাগানে যাই। Take up the cross and follow me. [প্রস্থান]

সকলের প্রস্থান।

---

## তৃতীয় দৃশ্য।

গ্রাউট ও জোন্স সাহেবের প্রবেশ।

গ্রা। সইস! সইস! কোচম্যান! শালা। আজ মর্ণিংমে হামারা সাঠ যানে হোগা বোলদিয়া আবি উঠা নাই। ড্যামনিগর, সইস।

(নেপথ্যে 'সাব', ব্যস্ত ভাবে সইসের প্রবেশ।)

গ্রা। টোম বড়ি বডমাস, ডেখটো টোমরা কেয়া হাল করে। সাবা এক ঘণ্টা টোমারা টল্লাস কর্টেহেঁ। (অতিশয় প্রহার)

স। কসুর হুয়া ঔর কভি ন্যাই হোগা।

গ্রা। হুয়া কেইসে। বডমাস, শালা, Scounedrl Scaramouch Rogue (ক্রমাগত প্রহার।)

স। জান্ যাতা হয়, মাফ্ কিযে ধর্ম্মাবতার,—উয়া—খোদাবন্দ—সীতারাম ভগবা—(মৃত্যু)

জে। The rogue it seems faints.

গ্রা। No that's a trick, (পুনঃ পদতাড়ন।)

ডরওয়ান। হিঁয়া আও

(নেপথ্যে—'সাব'—; দ্বারবানের প্রবেশ।)

গ্রা। শালা লোককো খাড়া করো।

দ্বা। উঠরে উঠ, ইয়ে ছুছুন্দা, তেরি বেটিকো উঠ। সাব ও আদমি মরগিয়া।

গ্রা। ন্যাই শূয়ার বড়মাসী করটা; শালা গোম্বাড় হ্যয়। গুটাডেনে সে উঠেগা, খাড়া করো।

দ্বা। খাড়া রও বুড়বা; তেরি বহিন কো—ইয়া; কান পাখাড়কে ঠেলা দেনেসে—ইয়া।

জে। What's that? it seems he is dead?

গ্রা। শালা লোককো মুমে পানিছিটাও। (দ্বারবানের তথা করণ) দ্বারবান মেরা সাথ আও। Please be waiting here a while.

[দ্বারবানের সহিত প্রস্থান

জোন্স সাহেবের পরিক্রমণ ও সইসের বিধবা পত্নীর প্রবেশ।

সইসপত্নী। (রোদন করিতে করিতে) সাহাব উন্‌কো মার আঁহাঁ হায় আঁহাঁহাঁহাঁহাঁ—॥

আঁহাঁ উনকোঝান লিয়া হায়—আঁহাঁহাঁ,হাঁহাঁহাঁ—॥

নকরি লাগকে জান দিয়া হায়—আঁহিঁ, হাঁইঁহাঁ—॥
সাহব্ আঁহাঁ আহাঁ হাঁহাঁ,—আঁহাঁহিঁহঁ—॥

জো। (সরোষে) চুপ্‌করো। গোল কর্ণেসে টোমারাবি জানলেগা।

স, প। হামারা জানোলিয়েসাব আঁহিঁহাহাঁ॥

জো। কেয়া, (প্রহার। ও স, প,—রোদন।) চুপকরো হামারা সাথ আও রোপেয়া ডেগা গোল মট্ করো। গোল কর্ণেসে উসকো নকর ডেকে খেলাওয়েগা। আও হামারা সাঠ [উভয়ের প্রস্থান।

---

# চতুর্থ দৃশ্য।

শিশুত্ব বর্দ্ধিনী সভা—কয়েকজন বালক আসীন।

বক্তা।—বাসন্তী প্রতিমা বিসর্জ্জন।

গাওমা ভারতি বাঙ্গালীর মুখে, বিজয়া দশমী আজি এভারতে।
রাজনীতি চর্চ্চা অতুল প্রতিমা, বিসর্জ্জন দিব রাজাদেশ মতে॥
গাও হেমচন্দ্র গাওহে নবীন, এ সময়ে কেন তোমরা নীরব।
গাওহে আনন্দে বিসর্জ্জন দিব, রাজনীতি চর্চ্চা অতুল বিভব॥
বাজাও মৃদঙ্গ, বাজাও বাঁশরী, বীণাবেহালায় আলাপিয়া তান।
নব অনুরাগে গাও বঙ্গবাসী রাজনীতি চর্চ্চা বিসর্জ্জন গান॥

মনোমলিনতা কর পরিহার, উল্লাসে মাতুক ভারত নিবাসী।
এ সময়ে ত্যজ দুঃখ অভিমান, শোভুক বদনে আনন্দের হাসি ॥
এসো ভ্রাতৃগণ ইহ সম্মিলিত, পূর্ব্বের শত্রুতা করোনা স্মরণ।
পূর্ব্বকথা ভুলি নূতন প্রণয়ে এস ভাই সব করি আলিঙ্গন ॥
আয়রে সমগ্র ভারতের লোক, দুঃখক্রোধ ঘৃণা পাপ পরিহরি।
আয়রে সকলে গাইব আনন্দে, আয়রে সকলে কোলাকুলি করি ॥
এস সর্ব্বজাতি এস ভ্রাতৃগণ, এই শুভকালে জয় ধ্বনি করি।
এহেন সময় হবেনাকো আর, এসো বলি জয় ভারত ঈশ্বরী ॥
আমাদের সম, রাজ ভক্তজাতি, কোন দেশে আছে কেবলিতে পারে?
রাজভক্তি স্রোতে এহেন প্রতিমা, বিসর্জ্জন করি এসোএকেবারে ॥
এমন সুদিন, হবে কি কখন, আজি বঙ্গদেশে বিজয়া দশমী।
রাজনীতি চর্চ্চা করি বিসর্জ্জন, হও বঙ্গবাসী স্বচিত্ত সংযমী ॥
আদাবিক্রেতার জাহাজে কিকাজ, এরাজনীতিতে কিবা প্রয়োজন।
রাজা নহি, তবে বলকি কারণে, রাজনীতি চর্চ্চা করি অনুক্ষণ ॥
পিতৃ আজ্ঞাসম রাজ-আজ্ঞা মানি রাজনীতি চর্চ্চা করোনাকো আর
মস্তক উপরে পদাঘাত করি, রাজ অনুমতি করিছে প্রচার :—
"বেদাস বাঙ্গালী করোনা সাহস, করিতে কখন বদন ব্যাদান।
সুসভ্য সাহসী স্বাধীন সবল, ব্রিটনের আজ্ঞা করো অবধান ॥
যদিশ্বেতকেহ করে অত্যাচার, করোনা কখন আর বাক্যব্যয়।
যদি কেহ আর কোন কথাবল, শ্রীঘরে করাব প্রবেশ নিশ্চয় ॥
হাঁচিলে কাসিলে রাজদ্রোহ হবে, অতএব সবে হও সাবধান।
একদিনে হলো নূতন নিয়ম, একদিনে আজ্ঞা কর অবধান ॥"
শুনি রাজ আজ্ঞা বিষাদ হরিষে, ইংরাজের জয় এসো করি গান।
রাজনীতি চর্চ্চা প্রতিমা সাজায়ে, রাজ ভক্তিনীরে করসম্প্রদান ॥

সম্পাদকগণ বহুদর্শী হও; ব্রিটন বাসীর সদর্প নিয়োগ।
ভীতচিত্তে সদা করহে পালন, উচুনীচু জল করহে প্রয়োগ॥
হেসনা এখন ইংরাজী পত্রিকে, তোমার ক্ষমতা রহিয়াছে বলে
দেশীয় ভ্রাতার স্বাধীনতাগেছে, গেছেতেজোবীর্য্য পরাক্রমচলে।
'কন্যারে প্রহরি বধূরেশিখান।' এই প্রবাদক করবে স্মরণ।
হইয়া সতর্ক লহসর্ব্বলোক, রাজরাজেশ্বরী চরণে শরণ॥
"আর্য্যবংশজাত কুলাঙ্গারগণ, বোবাহয়ে সবে থাকবে বসিয়া।"
ব্রিটন নিবাসী, সুসভ্যসাংসী, সদর্পে হাসিছে এই আদেশিয়া॥
করুণানিধান মেটকাফ যবে রাজনীতি চর্চ্চা দশভূজা রূপে।
সাজাতে করিলা অনুজ্ঞা প্রদান, ফুটিল কমল আশা মনো কূপে
দুঃখের কপালে মানসিক সুখ, বলদেখি আর কতকাল রবে।
কুপেতে কমল কতক্ষণথাকে, গোশৃঙ্গে সর্ষপ স্থায়ী হয় কবে?
দেখিতে দেখিতে দিন চলে যায়, চলিয়াগিয়াছে বাস্তবিক সুখ।
কাঁদরে এখন ভারত নিবাসী বঙ্গের অঞ্চলে মুছ স্ব স্ব মুখ॥
নির্ব্বীর ভয়ার্ত্ত ভারত বরষে সুসভ্য ব্রিটন নিবাসী সকলে।
অপরূপবিধি করিলা প্রচার দুর্ভাগ্য ভারতে ঠেলিপদতলে॥
এসব স্মরিয়া কেঁদোনাক আর, ব্রিটিশ করুণানাহিক এখন।
নেত্র জলে কভু গলিবেনা ভাই, অয়োময়হিয়া বীরান্তঃকরণ॥
ইউরোপে এবে ভুমুল সমর, প্রলয় কালাগ্নি সমভীমকায়।
দহিছে সবার হৃদয় সর্ব্বদা, হৈয়ঙ্গবীনেতে হোমানলপ্রায়॥
রুশের হুঙ্কারে কাঁপিছে মেদিনী, সর্ব্বজন এবে সদা শশঙ্কিত।
ভীষণলোহিত রণক্ষেত্রচিত্র, সবার মানসে রহেছে অঙ্কিত॥
তাইসে ভয়েতে ভীত ইংরাজেরা, দেশীয়গণেরে তাড়িত সম্বাদ
জানিতে নাদেন সন্দেহ করিয়া পাছে হিন্দু স্থানে বাধেবিসম্বাদ

Acc 29718
19/7/2006


তাবলোকি এত সাজে অবিশ্বাস, সবল ভয়ার্ত্ত ভারত বরষে।
ইংরাজ বিরুদ্ধে ভারত দেশীয়, লোকেরা কভুকি, অস্ত্রাদি পরশে ?
সবার নিকৃষ্ট পরুষ বচন, যত বার্ত্তাবহ আছে বঙ্গতলে।
কেহই কখন রাজদ্রোহ শিক্ষা, দেয়নি একথা বলিবে সকলে ॥
আইরিশগণ প্রত্যহ যেরূপ সদর্পে প্রয়োগ করেন বচন।
তার শতাংশের একাংশ বলিতে হয়কি সাহসী বাঙ্গালী কখন ?
আয়রলণ্ডের বার্ত্তাবহ যত, যেরূপ সন্দর্ভ করেন প্রচার।
বাঙ্গালা নিকৃষ্ট দ্বিভাষী পত্রেতে, পারে কি লিখিতে অংশমাত্র তার ?
যেনও চালিত মিসেলেনি গ্লোব, ইংলিশম্যান ভেনিটিফেয়ার।
বর্ণিত প্রবন্ধ সমান সন্দর্ভ, পারে কি বাঙ্গালী করিতে প্রচার ?
বাঙ্গালা সংবাদ পত্রের পাঠক, অপেক্ষা কি বড় এদের পাঠক ?
ধনেমানে জ্ঞানে কভুশ্রেষ্ঠ নয়, বাঙ্গালীর চেয়ে এদের গ্রাহক ॥
তবে কোন দোষে দোষী রাজপদে, বাঙ্গালীর পত্র ইহাদের চেয়ে ?
একি সুনিয়ম করিলেন এবে বাঙ্গালী সমাজে বলহীন পেয়ে।
খ্রীষ্ট উনবিংশ শতাব্দী এখন, এই কি হইল সভ্যতা প্রকাশ ?
সকল ক্ষমতা হৃত হয়ে হলো, সংবাদ পত্রের স্বাধীনতা নাশ ?
যদিও ইউরোপ খণ্ডেতে এখন, লোকের নদীতে প্রচারে সমর।
ভারত বরষে নাহি কোন গোল সন্ধি সুনিয়মে শোভিছে উর্ব্বর ॥
তবে কি কারণে এবিধি হইল, এরূপ বচন কেন অকস্মাৎ,
হিমাদ্রি হইতে কুমারী পর্য্যন্ত কাঁপাইল আজি যথাবজ্রপাত ॥
বৃহস্পতিবার প্রাতে শুনিলাম, দেশীয় পত্রাদি শোধনের তরে,
হইবে নিয়ম; শুনিনু প্রদোষে, সে প্রস্তাব বিধি হলো অতঃপরে।
নাহিক সমর নাহিক বিদ্রোহ, নাহিগোলযোগ ভারতে এখন।
সর্ব্বত্র কুশল তথাপি হঠাৎ, নূতন নিয়ম হলোকি কারণ ?

অষ্টাদিশ শত সাতান্ন খ্রীষ্টাব্দে, যে সব নিযম হযেছিল কবা।
অষ্টাদশ শত আটাত্তব সালে, উচিত না হয তাব নাম ধবা॥
তবেকি কাবণে সুশাসিত বাজ্যে,এরূপ সামান্য অত্যল্প সমযে,
এহেন নিযম বিধি বদ্ধ হলো, শেল প্রক্ষেপিযা বাঙ্গালী হৃদযে?
স্বীকাব কবিছে বাজ কর্ম্মচাবী, বুদ্ধিতে বাঙ্গালী শ্রেষ্ঠ শতবাব।
তাঁহাদেব কম্মে কিছুমাত্র কথানাহি সাধ্য আব কাবোবলিবাব॥
স্বীকাবি একার্য্য হইল উচিত, তবু মনোভাব বহির্গত হয।
কোন মতে এবে নাবিবোধিবাবে, চেষ্টা প্রাণপণে কবিব নিশ্চয॥
ভূতাদি ত্রিকাল যাঁবত্রিলোচন, অসুব যাহাব প্রজা অত্যাচাব।
লেখনীব বল যাঁহাব মহাস্ত্র, দশ কোটী পত্র দশভূজ যাঁব॥
শ্বেতসিংহ সম কাগজ বাহন, সম্পাদকগণ যাঁব কুম্ভকাব।
বিবিধ প্রবন্ধ যাঁব অনুচব, কীর্ত্তিযাব শুধু সমাজ সংস্কাব॥
সেই দশভূজা বাজনীতি চর্চ্চা, দিতে হবে ভাই এবে বিসর্জ্জন।
বাজাও বাজনা গাওবে সঙ্গীত, সে প্রতিমা জলেহবে নিগমন॥
স্বাধীন সংবাদ পত্র ছিল যবে, কথা কহিতাম খুলিযা হৃদয,
মুখফুটে বলি আমোদ হইত, সেদিন সুখেব ছিলবে নিশ্চয॥
সে সব সুদিন গিযাছে এখন সপ্তমী অষ্টমী গিযাছে নবমী।
বাজ নীতি চর্চ্চা দিব বিসর্জ্জন, বসন্তে বঙ্গেতে বিজযা দশমী॥

হর। আমি প্রবন্ধটি শুনিয়া আহ্লাদিত হলেম। (কাসিয়া) কয়েক জন সভ্যগণেরা যেরূপ যত্ন কচ্চেন তাতে সন্দেহ নাই আমাদের সভা দীর্ঘজীবিনী হবে। আমাব নাই আব অধিক বলবার।

কমাখ্যা। আমার বিবেচনায় বক্তার প্রবন্ধটা

উৎকৃষ্ট. অইয়াছে, যদি গালদিতেন ইংরেজদের অইতো আরো বালো। এক্ষণে দন্য বাদ দিয়া বক্তাকে নিবৃত্ত অই।

হর। বলুন না কিছু আপনি।

গোঁ। মান্য কেদারা মনুষ্য ও সভ্য মহোদয়গণ! আমি হতে পারি স্বাধীনতাতে বলতে এমন, হচ্চে কি কি উপকার দ্বারা এই সভা। শুনলেম কাহারও মুখে হয়েছে ইহা স্থাপিত বহুকাল। (হাস্য করিয়া) যেমন সাধারণ মনুষ্য আছে আমার সত্ত জানিতে চাইতে ইহা। যদি না থাকে আপত্তি—

কা। যদি আমাকে উপয়াস করবার জন্য কহিয়াছেন তবে অয়না উচিত আমার কিছু কওয়া। নচেৎ বলতে পারি এরূপ বক্তাকে সবা অইতে গার দরিয়া বহিষ্কৃত করিয়া দেওয়া উচিত।

গোঁ। কৈতে বর লাজ,

অলদি গুরা বাস্যাগেল জীবনে কি কাজ!

সভাপতি। আমি করযোড়ে বক্তা মহাশয়কে অনুরোধ করি যেন তিনি বলতে বিরত হন। কামাখ্যা বাবুর ও একজন সুবিজ্ঞ দর্শকের সহিত অনর্থক বিবাদ করা উচিত হয় নাই। দর্শক মহাশয়ের

ও দোষ আছে। যাহা হউক, আশা করি ভদ্র-লোক দ্বয পবস্পর সম্মিলিত হইবেন।

গোঁ। যখন আপনাদেব সভাপতি কচ্চেন বারণ বলতে আমাকে, তখন হচ্চি আমি বাধিত ফিবিয়ে নিতে আমাব আসন। (উপবেশন ও করতালি।)

স। রজনী আগতা প্রায; সভাভঙ্গের সময উপস্থিত হইয়াছে। অদ্য আব অধিক কিছু না বলিযাই সভাভঙ্গ করিতে হইবে। বক্তৃতাব মধ্যে দোষগুণ উভযই আছে। একস্থানে শুনিলাম —'তাইসে ভযেতে ভীত ইংবাজেরা'—এরূপ লিখি-বাব কাবণ কি? যে ব্রিটনবাসীর পরাক্রমে পৃথিবী কম্পিতা হন, যে বাজ্যে সূর্য্য অস্ত যাযনা, সেই মহা-বীর্য্যশালী ব্যক্তিবর্গেব সামান্য যুদ্ধে ভয কি? যাহা হউক লেখকের বয়স পর্য্যালোচনা করিলে ভার তেশ্বরীর চরণে এই বিলাপটী অত্যুৎকৃষ্ট হইযাছে। অদ্য আর কিছু না বলিয়া সভা ভঙ্গ হইল।

হ। এক মুহূর্ত্ত ভদ্রলোকগণ, আমি প্রস্তাব করি একটী মত' ধন্য বাদেব সভাপতি কে।

এক জনেব অনুমোদন ও সভা ভঙ্গ।

## পঞ্চম দৃশ্য।

মহেন্দ্রের গৃহ বসন্তকুমারী উপবিষ্টা।

ব। হায়! আমার কপালে কি এই ছেলো। শ্বশুর বাড়ী থেকে এসে অবদি একবারও সোয়ামীর মুখ দেখতে পাইনি। আমার যেমন কপাল তেমনিতো হতে চাই। বাপমা তো ভাল দেখেই দিয়ে ছিলেন আমার কপালেই ভাল নেই, তাঁদের দোষ কি? লোকে বলে—'অতিসুখের আশা কল্লে বিধি বাদী তায়। সুখেই রাখ দুঃখেই রাখ আপন ভাগ্যে খায়॥'—আমিতো একষ্ট আর সইতে পারিনি। কতায় বলে, বেঁদে মারে সয় ভাল। আমারও তাই হয়েছে। ওমা ঘেন্নায় বাঁচিনি একটা কচি মেয়েকে বার করে নিযে এলো! গলায় দড়িদে মত্তে ইচ্ছে করে;

নেপথ্যে গীত।

বেহাগ খাম্বাজ,—কাওয়ালি।

মধুরে কি করতোরে; সরমে মরমে রয়েছি মরে।
বিদরে অভিমানে হিয়া, কে আনিবে এবে; প্রাণনাথে দয়া
করে। (মহেন্দ্রের প্রবেশ।)

ম। বা! এই যে প্রতিমা সেজে গান শোনা হচ্চে! দেবি! অভিবাদনকরি। (গলবস্ত্রে)

য। আর কেন আমায় পোড়াতে এলে? দিনরাত মদ গিলবে,—

ম। আমি মদ খাই? কে বলে? কোন শালা—

ব। তা না খাও তোমার বিরাজীকে ছাড়। দেখ আমি তোমার স্ত্রী, তুমি আমার সোয়ামী—

ম। তুমি আমার স্ত্রী হতে পার, কিন্তু আমি তোমার স্বামী নই; অপমান কল্লে, ছ্যা বাওয়া—

ব। সোয়ামীর মুখে এসব কথা সজ্জি হয় না। হা ভগবান্! তোমার—

ম। তোমার দুঃখের কারণ কি? কাঁদ কেন? আমি অন্যায় কথা বলিনি। স্বামীকে ইংরাজীতে বলে husband আর মানুষকে বলে man; তাই তোমার স্বামী হলে সভ্য সমাজে আমায় husband-man বলে ডাক্‌বে, কারণ আমি মনুষ্য। husband-man মানে চাষা; তবে তোমার স্বামী হলে আমি চাষা হই। এ অপমান কে সইবে? গুড্‌বায়্।

ব। হা কপাল, হা অদেষ্ট, বিধাতা কি এত নিষ্ঠুর। আমার মরাই ভাল। (মাথা কুটিয়া) পৃথিবি তুমি দোফাল হও। মাগো তোমার বড় সাধের বসন্ত জন্মের মতন বিদায় হয়।

ম। তুমি আজও সভ্যতা-সোপানে আরোহণ করোনি। কাল তোমায় হর বাবুদের শিশুত্ব বৰ্দ্ধিনী সভায় নিয়ে যাব। এখন্ ও ঘরে এসো।

মহেন্দ্রের ও বোরদ্যমানা বসন্তকুমারীর প্রস্থান।

---

## ষষ্ঠ দৃশ্য।

গ্রাউট সাহেবের বাটীর নিকট পথ নবীন বাবুর প্রবেশ।

ন। আমাদের মত কৃতজ্ঞজাতি আর নাই। লঙসাহেবের নাম স্মরণ করেইতো এই পাপাত্মা গ্রাউটের অত্যাচার সহ্য কচ্চেছি। লঙসাহেব প্রমুখ পাদরিদের দৃষ্টান্তে অনেকের উপকার হয়েছে। তাই ভেবেছিলাম পাদরি হলেই বুঝি ভাল মানুষ হয়। এখন বুঝলেম, ক্ষীরসাগরেও গরল হয়, কুসুমেও কীট থাকে, কমলেও কাটা হয়! উঃ কি চাতুরী! কি প্রতারণা!! বেটা একটা খুন করে অনায়াসে বল্লে কি না পীলেফেটে মরেগেছে! অর্থের লোভে ডাক্তার ক্রিমেন পরীক্ষা করে এই কথা বলবেন স্বীকার করেছেন। একজন বিজ্ঞপ্লীডার এঁর হয়ে প্লীড কর্ব্বেন। পুলিশে আমিই খবর দেবো। কি আশ্চর্য্য! অর্থ তোমার কি মোহিনী

শক্তি ! তোমার লোভে কতলোক কতশত নীচবৃত্তি অবলম্বন কচ্চে। হে রৌপ্যচক্র তোমার প্রসাদে অসাধ্য সাধন বড় দুরূহ নয়। আজ মরেগেল, পুলিশে না জানতে জানতেই সবঠিক করেচে। আমি গুপ্তভাবে সন্ধান নিচ্চি, টেরপেলে আমারও বা পীলে ফাটায়। ঐযে, আশ্চে, আবার কি করে এলো লুকিয়ে শুনি। ( অন্তরালে গমন। )

পাদরি গ্রাউট ও সরকারের প্রবেশ।

গ্রা। ডেখ সরকার, টোমাকে যা বলি মনে রেখো। কোন কঠা ভুলো না।

When you will be asked whether you know anything about the deceased, you must answer.

"হাঁ আমি জানটেম উহাকে সাহেবের চাকর বলে। যেডিন ঐ লোগ্ মরে, আমি ছিলাম সাবের কাচে। সাব ডুঘণ্টা ডাকিলে আসিলে ও ডেরি করে। পরে চমকানটে সাহেব, ও চোপরা করে টাই আস্তে কিল মারেন সাহেব, পরে ও মরে।" Do tell these, and nothing more is expected from you.

স। Sir, I do tell sir, must tell sir; I তো I my father tell sir, sir why think be merry sir. I sing sir, show dance sir.

সা। আচ্ছা! উট্টম আছে। আমার আডেশ মট কাজ করলে বকসিশ মিলবে। আবি যাও।

(সেলাম করিয়া সরকারের প্রস্থান ও সাহেবের অন্যদিকে গমন।)

ন। (প্রবেশ করিয়া) ওদের পরামর্শ শুনলুম; আগে ডাক্তার উকিল, ঠিক করে, এখন চাকর আর তাঁবেদার দের মিথ্যা শেখাচ্চে। সভ্যতার উজ্জ্বল দৃষ্টান্ত। টাকার জোর বড় জোর।

"What a God's Gold!—'Tis thou that rigg'st the bark and plough'st the foam, settlest admired reverence in a slave: To thee be worship; and thy saints, for aye. Be crowned with plagues, then thee alone obey."

প্রস্থান।

---

## সপ্তম দৃশ্য।

ম্যাজিষ্ট্রেট উকীলদ্বয়, ডাক্তার, সরকার, জোন্স ও নবীন বাবু বিচারালয়ে উপস্থিত।

ম্যা। আপনার নাম নবীন বাবু।

ন। আজ্ঞে হাঁ।

মা। আপনি পুলিসে সম্বাড ডিয়েছেন, গ্রাউট সাহেব ঐ লোককো খুন কিয়েছে। টাব প্রমাণ আছে?

ন। ধর্ম্মই তার প্রমাণ। আমি গুপ্ত সন্ধান নিয়ে জেনেছি, উনি মিথ্যা কথা বলতে—

১ উ। বে-বেটা ধর্ম্মো পুত্তুর যু যুধিষ্ঠির। সাবধান, প্রমাণ না দেখালে এ রকম্ কথায় তোমারই দণ্ড হবে। Penal code

মা। ওরূপ প্রমাণ বিহীন কঠা গ্রাহ্য নহে। Grout সাহেব অনাগট কেন?

১ উ। তাঁহার পত্নীর প্র-প্রসব বেদনা উপস্থিত প্রায়; তাই তিনি নিজে না এসে তাঁর বন্ধু জোন্স সাহেবকে পাঠিয়েছেন।

মা। Do you know anything about the manner of his death?

জো। He died accidentaly. I know no particulars about it.

মা। টোমার নাম কি? খুনের বিষয় কিছু জান কি?

স। আমি I, সরকার, ধর্ম্মাবতার। ও যেদিন খুন হয়, আমি গ্রাউট সাবের কাছে ছিলাম্, অনেকক্ষণ ডেকে ডেকে সাএব রেগে উঠেন। ও উত্তর করাতে সাহেব আস্তে কিল মাল্লে; পরে ও মরে গেল।

ম্যা। What do you think Dr. ?

ডা। It seems, the death is accidental. The deceased was not of a robust constitution, a slight touch on the back bone, being imme diately transmitted into the spleen, and the spleen bursting he is dead.

১ উ। It appears from the evidence of the ড-ড-ডক্টর এণ্ড দি টেষ্টিমনি অবদি সরকার, দ্যা দ্যা-দ্যাট দি ডেথ ইজ একশি ডেণ্টাল।

২ উ। But why do these, so called accidents occur so frequently ? why are these and similar reasons—viz rapture of the spleen. &c.—attributed to such cases ? Is it posible that all these are accidental ? Are the spleens so connected with the back bone so that a slight touch as they say or even a

moderate blow on the back—can cause the spleen to burst ? But the Dr. affirms it and he is an honorable man. If it is accidental why are signs of great blows such as can kill the stoutest European, visible on the body of the deceased ? They say it is accidental and they are honorable men.

১ উ। লেটমি আস্ক্ এ কো-কোএশ্চন। যখন ডাক্তার ও স সরকারের প্রমাণ পাওয়া যাচ্চে তখন এটা অবশ্য হ-হঠাৎ হ-য়েছে। তবে নবীন বাবু এটা কল্পনা করেছেন। আজকের আগে কল্পিত করেছেন কিনা? বলুন, হা কি না বলুন, নইলে জে-জে জে-জেলে দিব।

ন। না।

১ উ। তবে আজই কল্পিত করেছেন। নিজেই বল্লেন অন্য প্রমাণ অনাবশ্যক।

২ উ। Such questions are notworthy of being asked: If I ask you gentlemen, have you given up the habit of drinking, (if you never had that habit,) answer yes or no, else I'll imprison you, what answer must you give ?

This is a trick—a cunning plan to deceive.

মা। Never mind. যখন ডাক্টর ও সরকারের প্রমাণ পাওয়া গেল টখন বোঢ হয় হয় গ্রাউট সাহেব নির্দ্দোষ। কেমন মহাশয়েরা Whatdo you think ?

সমাগত সাহেবগণ। Not guilty.

মা। ঐ সাবের কোন দণ্ড হটে পারে না। ডয়াকরে কেবল ঐ মৃটের বিঢবাকে মাসিক কিছু ডিবেন। আর নবীন বাবু মিঠা সাহেবের নিণ্ডা করায়, টিন মাস কঠিন পরিশ্রমের সহিট কারাবাসের আডেশ পান। পরিবর্টে ৩০০ টাকা জরিমানা।

---

## শেষ দৃশ্য।

মহেন্দ্রের প্রবেশ।

ম। এ পৃথিবীতে মজা কত্তে আসা। মজার জন্যে সকলেই ঘুচ্চে। Eat drink and be merry. যে সকল লোক আহাম্মুক তারাই ধর্ম্মের ভয় করে। পাপ কি ? What is sin ? আর পাপ থাকলেই বা কি ? নরক ? is there any such thing as নরক ? ননসেন্স। কাল গ্রাউট সাহেবের সরকার যে

মদের বোতল দিয়েছিলো, আজতো সবটা খেলুম, খেয়ে গাটা কেমন কচ্চে। ঐ যে সরকার আশ্চে।

স। (প্রবেশ করিয়া) জীবনের যবনিকা অবসান প্রায়। এই বার। এঁ্যা! আমি মোরবো! (সভয়ে) বাবারে নরক!

ম। সরকার পাগল হলো না কি।

স। আমি টাকার লোভে কুকর্ম্ম; মিথ্যা সাক্ষী, গ্রাউট সাহেব মরেচে।

ম। সেকি? মলো কেন?

স। আমি বিষ কিনে। গ্রাউট ডুবোতলে। নবীন বাবুর জন্যে ভুলে খেয়ে মলুম। আর দুঘণ্টা জীবন। তুমি মলে!

ম। (সভয়ে) আমি মরিচি না কি। ও বাবা স্কেকিরে? মলুম কেন? তুই দানে: পেলি?

স। বিষ দেওয়া বোতল তোমায় বেচিচি। নরক! যমদূত! উঃ-ঐ ধল্লে রক্ষা করো (পলায়ন)

ম। এর মানে কি? আমার শরীর এমন কচ্চে কেন? বিষ খেয়েছি তবেতো মরবো।। মরে কি হয়? নরক! নরক কি আছে?—আছে বইকি। কি ভয়ানক! হে জগদীশ, আমি মহাপাপী। উঃ মা কালি! বাবা

বিশুখৃষ্ট, খোদা, আল্লা, পেগম্বর, নারায়ন তোমরা যে কেন সত্য হওনা আমায় রক্ষা করো। উঃ নরক! আমি কি কুকর্ম্মই করিচি। সভা কল্লেম, লেকচার দিলেম, আমার চরিত্র শোধরালো না কেন? এই উন্নতির পরাকাষ্ঠা, জ্ঞানের চরম সীমা। এই সভ্যতার সোপান। উঃ জগদীশ রক্ষা করো! উঃ নরক! যে যতবড় নাস্তিক হওনা, শেযে ভগবান্‌কে ডাক্‌তেই হবে। ওহে নাস্তিক গণ, ওহে ভণ্ডদল, ও দাড়ীযুক্ত ব্রাহ্ম যুবকেরা তোমাদের চেয়ে অধিক কাপট্য আমার ছেলো। কিন্তু আমার ন্যায় ফাঁদে পড়োনা। এখনও সময় আছে, আমার সময় নাই। তবে কি আমার আশা নাই? উঃ, আমি ঠেকে শিখলাম তোমরা দেখে শেখো। আহা! যদি আর একদিন বাঁচতুম! এতদিন কোথা দে গেলো?

হা ভারত বর্ষীয় মানব গণ তোমাদের কুরীতি কুসংস্কার, কুসংসর্গ ও জঘন্য দেশাচার এখনও ত্যাগ করো। ইংরাজী সভ্যতা শিখোনা। সভ্যতার সঙ্গে পাপ বাড়ে। আহা, সরল বিশ্বাসী অকপট ক্রীড়াপরায়ণ আমেরিকার আদিম নিবাসীরা

কি সুখী ছিল। আফ্রিকার বর্ব্বরেরাও কি সুখী। তাই কবি বলেছেন—"চাইনে সভ্যতা, চাষা হয়ে থাকি। দেও ধর্ম্ম ধন, প্রাণ পুরে রাখি।" মদ্যপান, অত্যাচার, পরনিন্দা, পরগ্লানি, কপটতা এই সকলই সভ্যতা। উঃ আর যে সইতে পারিনি। প্রাণ যে যায়। উঃ! নবীন বাবু, তুমি ভ্রাতার ন্যায আমাকে ভাল বাসতে, পিতার ন্যায় উপদেশ দিতে, ও বন্ধুর ন্যায় কার্য্য করেচো। তোমার কথা না শুনেই এই হলো।

সুহৃদাং হিতকামানাং যঃ শৃণোতি ন ভাষিতম্।
বিপৎসন্নিহিতাতস্য সনবঃ শক্রুনন্দনঃ॥

উঃ, যুবকগণ, আর সভ্যতা-সোপানে আরোহণ কত্তে ব্যাগ্র হয়ো না। এই সভ্যতা সোপান। কই? কে বলে নরক নাই আমাব মনই নরক! উ!! প্রাণ যায় ইংরাজদের গুণ নিতে পারিনি দোষটুকু নিইচি। এই কি সভ্যতা-সোপান? উঃ জ-অ-অল (পতন ও মৃত্যু)।

---

যবনিকা পতন।